গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.৩৬.০০০১.০৫.৩৮

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সমবায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।**

সমবায় সমিতি আইন ২০০১ এর ১৬ ধারা মোতাবেক এই আইন বিধি এবং উপ-আইনের শর্ত সাপেক্ষে প্রত্যেক সমবায় সমিতির চূড়ান্ত কর্তৃত্ব উহার সাধারণ সভার উপর বর্তায়। একটি সমবায় সমিতির কার্যক্রম সাধারণ সভার সিদ্ধান্ত ও নির্দেশনা মত পরিচালিত হবে। সাধারণ সভা সমিতির পরিকল্পনা অনুমোদন, বাজেট অনুমোদন, বিনিয়োগ অনুমোদনসহ মৌলিক সিদ্ধান্তসমূহ প্রদান করে থাকে। সাধারণ সভার অনুমোদন ব্যতীত এ সকল কার্যক্রম সম্পূর্ণ বেআইনি ও অবৈধ।

২। আইনের ধারা ১৭ মোতাবেক প্রতিবছর নিরীক্ষা সম্পাদনের পর ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা এবং বৎসরের যে কোন সময়ে প্রয়োজনমত বিশেষ সাধারণ সভা অনুষ্ঠান করার বিধান আছে। আইন ও বিধি মোতাবেক সাধারণ সভা অনুষ্ঠানে ব্যর্থ হলে তার জন্য দায়ী ব্যবস্থাপনা কমিটির সদস্য বা সদস্যগণ উক্ত সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির পরবর্তী নির্বাচনে সদস্য হওয়ার ক্ষেত্রে তিন বৎসরের জন্য অযোগ্য হবেন। কোন সমিতিতে পর পর দুই বছর সাধারণ সভা অনুষ্ঠিত না হয় অথবা অনুষ্ঠিত সভায় কোরাম না হয় ধারা ৫৩(গ) মোতাবেক সে সমিতি অবসায়নযোগ্য হবে।

৩। বিধি ১৪ মোতাবেক যে সাধারণ সভায় নির্বাচন অনুষ্ঠিত হবে সে সভার নোটিশ ৬০দিন পূর্বে এবং অন্য সাধারণ সভার নোটিশ কমপক্ষে ১৫ দিন পূর্বে জারি করে তা নিবন্ধকসহ সংশ্লিষ্ট দপ্তর ও সদস্যগণকে প্রাপ্তি নিশ্চিত করতে হবে। বিধি ১৯ মোতাবেক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার ৭২ ঘন্টার মধ্যে রেজুলেশন লিখে সভাপতির স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং ১৫ দিনের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে বা হাতে হাতে বাহক মারফত প্রাপ্তিস্বীকারসহ প্রেরণ করতে হবে। কোন সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে কিনা অথবা অনুষ্ঠিত সাধারণ সভায় কেহ উপস্থিত ছিল কি না সে বিষয়ে প্রশ্ন দেখা দিলে নিবন্ধকের দপ্তরে রক্ষিত রেজুলেশন প্রমাণক হিসেবে বিবেচিত হবে।

৪। উপরের কঠোর ও গুরুত্বপূর্ণ বিধান থাকা সত্ত্বেও অনেক কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিতে সাধারণ সভা অনুষ্ঠিত হয় না। অনেক সমিতিতে সাধারণ সভা অনুষ্ঠিত হলেও তা আইন-বিধি যথাযথ পালন করে অনুষ্ঠিত হয় না। যথাসময়ে (৬০দিন বা ১৫ দিন পূর্বে) নোটিশ বা যথাসময়ে (১৫ দিনের মধ্যে) রেজুলেশন পাওয়া যায় না। এতে সমিতির কার্যক্রমের বৈধতা প্রশ্নের মুখে পড়ে, সমিতিতে স্বচ্ছতা-জবাবদিহিতা থাকে না, সমিতি অকার্যকর হয়ে পড়ে।

এমতাবস্থায় সকল সমবায় সমিতিকে প্রযোজ্য সকল আইন-বিধি পরিপালন করে সাধারণ সভা অনুষ্ঠান করা এবং যথাসময়ে সাধারণ সভার নোটিশ এবং রেজুলেশন প্রাপ্তি নিশ্চিত করতে বলা হলো।

১২-০১-২০২৬
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/সদস্য-সচিব
---- (সকল) ---- সমবায় সমিতি লিঃ।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.৩৬.০০০১.০৫.৩৮/১ (৩)

তারিখ: ২৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর।
২। জেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ।
৩। রাজশাহী বিভাগাধীন উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)।

১২-০১-২০২৬
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক